দৈনিক ইত্তেফাক

১০৮

তারিখ 07 NOV 1993
পৃঃ ? কলাম ?

# ক্যাম্পাসে ছাত্র সমাবেশ নিষিদ্ধ করার প্রস্তাবের বিরোধিতা

বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে ক্যাম্পাসে ছাত্র সমাবেশ নিষিদ্ধ এবং ক্যাম্পাস-পুলিশ গঠনের প্রস্তাবের বিরোধিতা করিয়াছে। বাসদের আহ্বায়ক খালেকুজ্জামান বলিয়াছেন, সরকারী সংগঠনের সন্ত্রাসের দায় কোনভাবেই

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

(১ম পৃঃ পর)

ছাত্রসমাজ বহন করিতে পারে না। কতিপয় সন্ত্রাসীকে দমন না করিয়া সমগ্র ছাত্র রাজনীতিকে যাহারা শৃঙ্খলিত করার চক্রান্ত করিবে তাহারা জাতির শত্রু হিসাবে চিহ্নিত হইবে। ছাত্রলীগের (বা-কা) সভাপতি রুহুল কুদ্দুস বাবু, সাধারণ সম্পাদক আবদুল্লাহিল কাইয়ুম বলিয়াছেন, বিএনপি ক্ষমতায় আসার পর জিয়া পরিষদ ভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং একদল শিক্ষক সরকারের অগণতান্ত্রিক পদক্ষেপ সমর্থন করিতেছেন তাহারা ক্যাম্পাসে ছাত্র সমাবেশ নিষিদ্ধ করার প্রস্তাবের নিন্দা করেন। ছাত্রমৈত্রীর সভাপতি রাগিব আহসান মুন্না, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান বুলু, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি বেলাল চৌধুরী, সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, জাতীয় ছাত্র লীগের সভাপতি আশোক খানও ক্যাম্পাসে সমাবেশ নিষিদ্ধ করার প্রস্তাবের বি2রাধিতা করিয়াছেন।